দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানি অনুষ্ঠিত

দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের হলরুমে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে গণশুনানি অনুষ্ঠিত হয়।

এসপিপিএস প্রকল্পের আওতায় দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক “গণশুনানিতে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন। গণশুনানিতে প্রধান অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ সভাপতি হাজী শহিদুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ইউনুস আলী, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য শওকত আলী, আওয়ামীলীগ নেতা ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, রকিবুল হাসান তোতা, আরিফুল ইসলাম মিলন, আতিকুল ইসলাম রনি, হাউলী ইউপি সদস্য রিকাত আলী, সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের মেম্বার, রাজনৈতিক নেতা ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।